

শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

সুনামগঞ্জ

প্রশ্নঃ One-Time Password বলতে আমরা সাধারণত কি বুঝি?

উত্তরঃ One-Time Password কে অনেক সময় ডাইনামিক পাসওয়ার্ডও বলা হয়। এটি এমন এক ধরনের পাসওয়ার্ড যা কোন ডিজিটাল ডিভাইস বা যেকোন সামাজিক যোগাযোগ মাধ্যম একাউন্টে শুধু একটি সেশনে অথবা লেনদেনে লগইন করার জন্য বৈধ থাকে। অনেক সময় কোন সাইটকে নিরাপদ রাখার জন্য লগইন করার সময় **Two-factor authentication (2FA)** ব্যবহার করা হয়। এক্ষেত্রে একাউন্ট বা সিস্টেমে প্রবেশের জন্য স্বয়ংক্রিয়ভাবে তৈরী **One-Time Password (OTP)** ইমেইল বা ফোনের মাধ্যমে পাঠানো হয়। এটি সাধারণত ৪ বা ৬ ডিজিটের সংখ্যা হয়ে থাকে।

প্রশ্নঃ সাইবার সিকিউরিটি বলতে কি বোঝায়? গত ৪ বছরের সাইবার অপরাধ সংঘটনের পরিসংখ্যান সম্পর্কে জানতে চাই?

উত্তরঃ সাইবার সিকিউরিটি হলো এমন একটি প্রক্রিয়া যেখানে বিভিন্ন আধুনিক প্রযুক্তির মাধ্যম **computer device, data, network** এবং **program** সমূহকে **cyber-attack, cybercrime** এবং অবৈধ ব্যবহার থেকে সুরক্ষিত করে রাখা হয়। এক কথায় **computer device** বা **network** সমূহকে সাইবার অপরাধীদের থেকে নিরাপদে রাখার প্রক্রিয়া কে বলা হয় সাইবার সিকিউরিটি। ২০১৬ সাল থেকে এ পর্যন্ত ৬৬৬ টি মামলা পর্যালোচনা করে এ তথ্য পাওয়া গেছে যে সাইবার অপরাধের শিকার ৭০ ভাগই নারী এবং আক্রান্তদের বেশির ভাগের বয়সই ১৮-২৫ বছরের মধ্যে। যার ১৩% এর বয়স ১৮ এর নিচে।

প্রশ্নঃ SQL Injection কি? এর সম্পর্কে জানতে চাই?

উত্তরঃ SQL Injection হলো হলো এমন এক কৌশল, যার মাধ্যমে ওয়েব সাইটের ডাটাবেস এ প্রবেশাধিকারের জন্য ক্ষতিকর (malicious) কোড প্রবেশ করানো। এই কৌশল প্রয়োগ করে একজন হ্যাকার আপনার ডেটাবেজকে ধ্বংস করে দিতে পারে বা নিয়ন্ত্রণ নিয়ে নিতে পারে। ওয়েবপেজ এর মাধ্যমে ডেটাবেজে ক্ষতিকর (malicious) কোড ইনপুট/জমা করাই হলো SQL Injection।

প্রশ্নঃ কেউ যদি আমার আইডি হ্যাক করে এবং আমার পাসওয়ার্ড পরিবর্তন করে সেক্ষেত্রে আইডি পুনরুদ্ধার কি সম্ভব?

উত্তরঃ আমরা অনেক সময় ফেসবুক আইডি হ্যাকিং এর ঘটনা দেখে থাকি অথবা অন্য কারোর ছবি নাম দিয়ে অনেকে ফেসবুক আইডি খুলে তাকে বিব্রত করতে দেখি। ফেসবুকে আপনার নামে কেউ ফেক আইডি খুললে কিভাবে রিপোর্ট করবেন এটা সকলের জেনে রাখা ভাল। প্রথমে যেই আইডিতে রিপোর্ট করতে চান তার প্রোফাইলে যান। এবার ওপর থেকে **More** অপশানে ক্লিক করুন। এবার **Find support or report profile** ক্লিক করুন। এখানে অনেক গুলো অপশন পাবেন সব গুলোর অর্থ সংক্ষেপে নিচে বলা হলঃ

Pretending to be someone

যদি কেউ আপনার নামে ফেক ফেসবুক আইডি খোলে তাহলে **Pretending to be someone** ক্লিক করে নিচে থেকে **me** সিলেক্ট করুন।

হ্যাকড আইডি পুনরুদ্ধারঃ

হ্যাকড আইডি উদ্ধার করার জন্য <https://www.facebook.com/hacked> লিঙ্কটি প্রথমে ওপেন করতে হবে। এরপর **“My Account is Compromised”**-বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী ধাপে নিজ প্রোফাইলের অন্তর্ভুক্ত **“Email Address”** অথবা **“Phone Number”** লিখে **Search** বাটনে ক্লিক করার পর ফেসবুক কর্তৃপক্ষ ‘পাসওয়ার্ড’ পরিবর্তন করার জন্য অনুরোধ করবে। একটি **Security Code** উদ্ধারকারীর **‘Email Address’** অথবা **‘Phone Number’** এ যাবে এবং নতুন ‘পাসওয়ার্ড’ এর জন্য অনুরোধ করবে। আর এইভাবে হ্যাকড আইডি উদ্ধার করা সম্ভব।

প্রশ্নঃ সাইবার অপরাধসমূহের ক্ষেত্রে কোন ধরনের আইনী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? এই ধরনের অপরাধসমূহের বিচার কিভাবে করা হয়?

উত্তরঃ সাইবার অপরাধসমূহের ক্ষেত্রে যদি গুরুতর কোনো অপরাধ হয় তাহলে নিকটস্থ থানার সহায়তা নেয়া যেতে পারে। পুলিশ মামলা না নিলে সেক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর অধীন গঠিত সাইবার ট্রাইব্যুনাল অথবা আমলি আদালতে পিটিশন মামলা দায়ের করতে পারেন। সাধারণত ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর বিধান অনুযায়ী এই ধরনের অপরাধের বিচার করা হয়। তবে এই আইনে ভিন্নরূপ কিছু না থাকলে অপরাধের তদন্ত, বিচার, আপীল ইত্যাদির ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর বিধান প্রযোজ্য হবে।